দৈনিক সংবাদ

53

তারিখ 10 FEB 1987
পৃষ্ঠা 1 কলাম 2

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

ছাত্ররা বিনা টেষ্টে ফাইনাল পরীক্ষা দেয়ার দাবী করছে

# ঢাকা কলেজে ভাঙচুর

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিনা টেষ্টে এইচ, এস, সি ফাইনাল পরীক্ষা দেয়ার দাবীতে গতকাল সোমবার ঢাকা কলেজের একদল ছাত্র অধ্যক্ষকে ঘেরাও এবং অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও বিভিন্ন বিভাগীয় প্রধানদের অফিসকক্ষ ভাঙচুর ও তছনছ করেছে। তারা কলেজের সামনে মীরপুর রোডে কয়েকটি গাড়ীরও ক্ষতিসাধন করে। এই গোলযোগের সময়ে কলেজ প্রাঙ্গণে অনেকগুলো হাতবোমা ফাটানো হয়।

খবর পেয়ে পুলিশ কলেজ প্রাঙ্গণে প্রবেশ করলে ছাত্রদের সাথে পুলিশের সংঘর্ষ বাধে। পুলিশ লাঠিচার্জের মাধ্যমে ছাত্রদের ছত্রভঙ্গ করে দেয়। এতে কয়েকজন ছাত্র সামান্য আহত হয়েছে। ছাত্ররাও পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। এতে ২ জন কনষ্টেবল সামান্য আহত হয়।

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ঢাকা কলেজে ভাঙচুর

(১ম পাতার পর)

সকাল সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত ১ ঘণ্টা পুলিশের সাথে ছাত্রদের বিক্ষিপ্ত সংঘর্ষ হয়েছে। এ পরিস্থিতিতে গতকাল ঢাকা কলেজে কোন ক্লাস হয়নি। বর্তমানে কলেজ প্রাঙ্গণে দাঙ্গা পুলিশ মোতায়েন আছে।

পুলিশ ঘটনাস্থল থেকে ঢাকা কলেজের ৩ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দিয়ে ঢাকা কলেজ কর্তৃপক্ষ ধানমণ্ডী থানায় একটি এজাহার দিয়েছেন।

### অধ্যক্ষের ভাষ্য

কলেজের অধ্যক্ষ জানান, আগের সিদ্ধান্ত অনুযায়ী আজ সোমবার ছাত্রদের ফাইনাল পরীক্ষার 'ফরম' দেয়ার কথা ছিল। কিন্তু, আজ প্রাপ্ত সরকারের নির্দেশ অনুযায়ী ফরম দেয়া স্থগিত রাখা হয়।

তিনি বলেন, সরকারী নির্দেশে বলা হয়েছে যে, বিনা টেষ্টে কোন ছাত্রকে পরীক্ষা দিতে দেয়া হবে না। তিনি বলেন, সকাল ৯ টায় কলেজে এসে তাঁর অফিসকক্ষে বসার পর দলে দলে ছাত্ররা এসে 'ফরম' দেয়ার জন্য তাকে চাপ দিতে থাকে। সকাল প্রায় ১০টা পর্যন্ত এ অবস্থা চলেছে। ১০টার দিকে কতিপয় ছাত্র তাকে ঘেরাও করে ফরম দেয়ার দাবী জানায়। কিছুক্ষণের মধ্যে অন্য ছাত্ররা তাঁর, উপাধ্যক্ষ ও অন্য বিভাগীয় প্রধানদের অফিসকক্ষ ভাঙচুর, তছনছ করতে থাকে। এখবর পেয়ে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি পুলিশকে খবর দেননি বলে জানান।